# রাজস্ব নিয়ে জনগণের বিভ্রান্তি দূর করাই বড় চ্যালেঞ্জ: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

রাজস্ব ব্যবস্থা নিয়ে সাধারণ মানুষের মধ্যে তৈরি হওয়া বিভ্রান্তি দূর করাকে অন্যতম বড় চ্যালেঞ্জ হিসেবে দেখছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

মঙ্গলবার (১৮ আগস্ট) সকালে রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে 'রাজস্ব সম্মেলন-২০২৬'-এ অংশ নেন প্রধানমন্ত্রী। সেখানে এক প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) যৌথভাবে সম্মেলনটির আয়োজন করে। রাজস্ব বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তাসহ সংশ্লিষ্ট বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা এতে উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী বলেন, সরকারের ব্যয়ের ক্ষেত্রে যেসব খাত জরুরি নয়, সেগুলোতে খরচ কমানোর উদ্যোগ নেওয়া হয়েছে। তবে প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ খাতে ব্যয়ের ক্ষেত্রে কোনো ছাড় দেওয়া হবে না।

LENS ASIA

নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করার ওপর গুরুত্ব দিয়ে তিনি বলেন, প্রত্যেকে তার কাজ ঠিকভাবে করতে পারলে দেশের পরিস্থিতিতে কাঙ্ক্ষিত পরিবর্তন আনা সম্ভব।

সম্মেলনে রাজস্ব সংগ্রহ বাড়ানোর উপায়, কর ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি এবং অর্থনীতির প্রয়োজন অনুযায়ী রাজস্বের জোগান নিশ্চিত করার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে।